# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 01 June, 2025

পাবনার ঈশ্বরদী উপজেলার কুরিয়ার সার্ভিসে পাঠানোর সময় প্রায় ১০ লাখ টাকা মূল্যের নকল বিড়ি জব্দ করেছে পুলিশ এবং পাবনা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ ।শুক্রবার (৩০ মে) রাতে ঈশ্বরদী থানা ভবন পার্শ্ববর্তী এস এ কুরিয়ার সার্ভিসের সামনে থেকে এসব বিড়ি জব্দ করা হয়।এসময় একটি ভুটভুটি (ইঞ্জিনচালিত ছোট যান) গাড়ি জব্দ করা হয়েছে।

কাস্টমস ও পুলিশ সূত্র জানায়, পাবনায় নকল বিড়ি কুরিয়ারের মাধ্যমে পাঠানোর জন্য এস এ পরিবহন কুরিয়ার সার্ভিসে আনা হচ্ছিলো।খবর পেয়ে পাবনা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ এবং পুলিশ যৌথভাবে অভিযান পরিচালনা করেন। এসময় এস এ পরিবহন কুরিয়ার অফিসের সামনে থেকে একটি ভুটভুটি (ইঞ্জিনচালিত ছোট যান) গাড়িসহ ১৫ কার্টন ও ১৫ বস্তা নকল বিড়ি জব্দ করা হয়।অভিযান থেকে পাঁচ লাখ শলাকা নকল আকিজ বিড়ি, ৪,৮০,০০০ শলাকা নকল বাঁশি বিড়ি এবং আড়াই লাখ শলাকানকল ব্যান্ডরোলযুক্ত বকুল বিড়ি উদ্ধার করা হয়।যার বর্তমান বাজার মূল্য প্রায় দশ লাখ টাকা।তবে এ ঘটনায় সংশ্লিষ্ট কাউকে আটক করা যায়নি।

ঈশ্বরদী থানার পরিদর্শক (তদন্ত) এবিএম মনিরুল ইসলাম জানান, এ ঘটনায় কাউকে গ্রেফতার করা যায়নি।উদ্ধারকৃত বিড়ি ঈশ্বরদী কাস্টমস অফিসকে দেখানো হয়েছে।এ বিষয়ে আইনগত পদক্ষেপ নেওয়া হয়েছে।

সহকারী রাজস্ব কর্মকর্তা মেজবাহ উদ্দিন জানান, দীর্ঘদিন ধরে নকল ব্যান্ডরোল ব্যবহার করে এই চক্র বিভিন্ন ব্র্যান্ডের নামে বিড়ি তৈরি করে সরকারের রাজস্ব ফাঁকি দিয়ে আসছিল।এসব কর্মকাণ্ড দণ্ডনীয় অপরাধ।মামলার জন্য প্রস্তুতি গ্রহন করা হচ্ছে।ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

পাবনা নকল বিড়ি পুলিশ গ্রেফতার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:46

URL: https://www.timestodaybd.com/across-the-country/7395943219